# আল-আমিন বারীয়া কামিল মাদরাসা
# AL-AMIN BARIA KAMIL MADRASA

P.O.- Al Amin Baria Madrasa, P.S.- Chandgoan, Chattogram-4221
Tel: 01815-622004, EIIN-104231, E-mail: ismailnomanixp@gmail.com
www.abkm.edu.bd


Ref: Date:

নোটিশ- ০৬/২৬ তারিখ ১০/০২/২০২৬খ্রি.

এতদ্বারা আল-আমিন বারীয়া কামিল মডেল মাদ্রাসার শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন, পবিত্র মাহে রমজানুল মোবারক, মহান স্বাধীনতা, পবিত্র শবে কদর, জুমাতুল বিদা ও ঈদুল ফিতর উপলক্ষে আগামী ১১/০২/২০২৬ খ্রিস্টাব্দ বুধবার থেকে ২৬/০৩/২০২৬ খ্রি. বৃহস্পতিবার পর্যন্ত মাদ্রাসা বন্ধ থাকবে এবং বন্ধকালিন মাদ্রাসার অফিস কার্যক্রম যথারীতি চলবে। ২৯/০৩/২০২৬ তারিখ রবিবার থেকে যথারীতি মাদ্রাসা খোলা থাকবে। খোলার তারিখে সবার উপস্থিতি একান্ত কাম্য। বন্ধকালিন দরখাস্ত অনুমোদন ব্যতিরেকে কেউ হোষ্টেলে অবস্থান করতে পারবে না।

আরো জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় প্রত্যেক শিক্ষার্থীর নিকট থেকে অত্র মাদ্রাসার লিল্লাহ ফাণ্ডের জন্য ফিৎরা/যাকাত থেকে কমপক্ষে ১০০/-(একশত) টাকা মাদ্রাসা খোলার তারিখে শ্রেণি শিক্ষকগণকে জমা প্রদান করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

আরো জানানো যাচ্ছে যে, আগামী ০৩/০৩/২০২৬ খ্রি. মঙ্গলবার অনুষ্ঠিতব্য পবিত্র ঈদে মিলাদুন্নবী (দ.) ও পীরে কামিল হযরত মাওলানা শাহছুফী হাফেজ ক্বারি ছৈয়্যদ আব্দুল বারী (শাহজী বাবাজান কেবলা র.)এর বার্ষিক ওরশ শরীফ উপলক্ষে প্রতি বছরের ন্যায় অত্র মাদ্রাসার শিক্ষক-শিক্ষার্থীদের উপস্থিত থাকার জন্য আহবান করা যাচ্ছে। স্বেচ্ছাসেবক লিষ্টভুক্ত শিক্ষার্থীরা কার কি দায়িত্ব দেখার জন্য হোয়াটসঅ্যাপ গ্রুপ চেক করার জন্য নির্দেশ দেয়া হলো।

আরো জানানো যাচ্ছে যে, হোস্টেল সুপার জনাব মুহাম্মদ আবু রিদওয়ান সাহেবের নেতৃত্বে শিক্ষার্থীদের সহায়তায় শ্রেণিকক্ষের চেয়ার-টেবিল ও বেঞ্চগুলো সরিয়ে নির্দিষ্ট স্থানে রাখতে হবে। বেঞ্চগুলো সরিয়ে নির্দিষ্ট স্থানে রাখা পর্যন্ত সম্মানিত শ্রেণিশিক্ষকগণ সহযোগিতা করবেন। পরিচালক-দায়িত্বপ্রাপ্ত শিক্ষককেরা তা গভীরভাবে তদারকি করবেন।

আরো জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে অত্র মাদ্রাসায় ৩ বছর মেয়াদি ফাযিল (স্নাতক) ও ২ বছর মেয়াদি কামিল (স্নাতকোত্তর) নিয়মিত কামিল প্রাইভেট ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি কার্যক্রম চলছে। যে সকল শিক্ষার্থী ভর্তি হতে ইচ্ছুক তাদেরকে অত্র মাদ্রাসার আরবি প্রভাষক জনাব মাওলানা মোহাম্মদ মিশকাত (ফাযিল) ও কামিলে ভর্তির জন্য সহকারী অধ্যাপক জনাব মাওলানা নেজাম উদ্দীনের সাথে যোগাযোগ করে ভর্তি কার্যক্রম সুসম্পন্ন করার নির্দেশ দেয়া যাচ্ছে। প্রয়োজনে www.abkm.edu.bd অন-লাইনে ভর্তি ফরম পূরণ করে দেয়া যাবে। নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।

<u>ফাযিল ভর্তি ফি'র হার</u> (সংশোধিত, ইবির বিজ্ঞপ্তি মতে)

| | |
|---|---|
| ১। আবেদন ফি- | ৩০০/- |
| ২। রেজিস্ট্রেশন ফি- | ৪০০/- |
| ৩। ভর্তি ফি- | ৩০০/- |
| ৪। ক্রিড়া ও সংস্কৃতি ফি- | ৫০/- |
| ৫। বিশ্ব আরবি ভাষা উদযাপন ফি- | ৫০/- |
| ৬। বিএনসিসি ফি- | ১০/- |
| ৭। রোভার স্কাউট ফি- | ২০/- |

সর্বমোট = ১১৩০/- (এক হাজার একশত ত্রিশ) টাকা ফি অনলাইনে জমা দিতে হবে।

<u>কামিল ভর্তি ফি'র হার</u> (সংশোধিত, ইবির বিজ্ঞপ্তি মতে)

| | |
|---|---|
| ১। আবেদন ফি- | ৪০০/- |
| ২। রেজিস্ট্রেশন ফি- | ৬০০/- |
| ৩। ভর্তি ফি- | ৪০০/- |
| ৪। ক্রিড়া ও সংস্কৃতি ফি- | ৫০/- |
| ৫। বিশ্ব আরবি ভাষা উদযাপন ফি- | ৫০/- |

CamScanner